# Times Today BD

সিনিয়র রিপোর্টার | অর্থনীতি | 03 May, 2025

দেশের বাজারে সোনার দাম কিছুটা কমেছে।এ দফায় ভরিতে সর্বোচ্চ ৩ হাজার ৫৭০ টাকা দাম কমেছে।তাতে ভালো মানের, অর্থাৎ ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম দাঁড়াবে ১ লাখ ৬৮ হাজার ৯৭৬ টাকা।

বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) আজ শনিবার রাতে এক সংবাদ বিজ্ঞপ্তিতে সোনার দাম কমানোর কথা জানায়।বাজুসের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, স্থানীয় বাজারে তেজাবি সোনার (পিওর গোল্ড) দাম কমে যাওয়ায় নতুন করে দাম সমন্বয় করা হয়েছে।নতুন দাম আগামীকাল রোববার থেকে কার্যকর হবে।

গত ২৩ এপ্রিল দেশে সোনার দাম ভরিতে সর্বোচ্চ ৫ হাজার ৩৪২ টাকা দাম বেড়েছিল।তখন ভালো মানের, অর্থাৎ ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার দাম বেড়ে হয়েছিল ১ লাখ ৭৭ হাজার ৮৮৮ টাকা।দেশের বাজারে সেটিই এখন পর্যন্ত সোনার সর্বোচ্চ দাম।যদিও ওই দিনই কয়েক ঘণ্টার ব্যবধানে সোনার দাম ভরিতে ৫ হাজার ৩৪২ টাকা কমে।তাতে এক ভরির দাম হয় ১ লাখ ৭২ হাজার ৫৪৬ টাকা।এরপর আজ দাম কমার নতুন ঘোষণা এল।

বাজুসের নতুন সিদ্ধান্তের ফলে আগামীকাল থেকে দেশের বাজারে হলমার্ক করা প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) ২২ ক্যারেট মানের সোনা ১ লাখ ৬৮ হাজার ৯৭৬ টাকা, ২১ ক্যারেট ১ লাখ ৬১ হাজার ৩০২ টাকা, ১৮ ক্যারেট ১ লাখ ৩৮ হাজার ২৫৩ টাকায় বিক্রি হবে।এ ছাড়া সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার দাম কমে হবে ১ লাখ ১৪ হাজার ২৯৬ টাকা।

এদিকে আজ পর্যন্ত প্রতি ভরি হলমার্ক করা ২২ ক্যারেট সোনা ১ লাখ ৭২ হাজার ৫৪৬ টাকা, ২১ ক্যারেট ১ লাখ ৬৪ হাজার ৬৯৬ টাকা, ১৮ ক্যারেট ১ লাখ ৪১ হাজার ১৬৯ টাকা ও সনাতন পদ্ধতির সোনা ১ লাখ ১৬ হাজার ৭৮০ টাকায় বিক্রি হয়েছে।সেই হিসাবে আগামীকাল থেকে প্রতি ভরি ২২ ক্যারেট সোনায় ৩ হাজার ৫৭০ টাকা, ২১ ক্যারেটে ৩ হাজার ৩৯৪ টাকা, ১৮ ক্যারেটে ২ হাজার ৯১৬ টাকা ও সনাতন পদ্ধতির সোনায় ২ হাজার ৪৮৪ টাকা দাম কমবে।

এদিকে রুপার দামও কিছুটা কমেছে।এ দফায় ২২, ২১ ও ১৮ ক্যারেটের প্রতি ভরি রুপায় ৩৫ টাকা করে ও সনাতন পদ্ধতির রুপায় ভরিতে ২৪ টাকা দাম কমানো হয়েছে।তাতে ২২ ক্যারেটের এক ভরি রুপা ২ হাজার ৮১১ টাকা, ২১ ক্যারেট ২ হাজার ৬৮৩ টাকা, ১৮ ক্যারেট ২ হাজার ২৯৮ টাকা ও সনাতন পদ্ধতির রুপার দাম হয়েছে ১ হাজার ৭২৬ টাকা।

সংবাদ বিজ্ঞপ্তিতে বাজুস জানায়, সোনা ও রুপার বিক্রয় মূল্যের সঙ্গে আবশ্যিকভাবে সরকার নির্ধারিত ৫ শতাংশ ভ্যাট ও সমিতির নির্ধারিত ৬ শতাংশ ন্যূনতম মজুরি যুক্ত করতে হবে।গয়নার নকশা ও মানভেদে মজুরির তারতম্য হতে পারে।

সোনা সোনার দাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 20:45

URL: https://www.timestodaybd.com/public/economy/185943620